# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 25.05.2024 Time: 7.50 P.M.

## বিশেষ বিশেষ খবর –

১) বিজেপি প্রার্থীকে লক্ষ্য করে ইট বৃষ্টির মতো বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া রাজ্যে ষষ্ঠ দফার ভোট পর্ব ছিল মোটের ওপর শান্তিপূর্ণ। আটটি আসনে ভোট পড়েছে গড়ে ৭৮ শতাংশের বেশি।

বিজেপি, আজকের ভোট পর্বে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে।

অন্যদিকে, মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন নন্দীগ্রাম ও খেজুরিতে গুন্ডামি করেছে বিজেপি।

২) মহিষাদলে তৃণমূল কংগ্রেস কর্মী মৈবুল শেখের খুনের ঘটনায় এপর্যন্ত ৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

৩) পূর্ব-মধ্য বঙ্গোপোসাগরের ওপর সৃষ্ট অতি গভীর নিম্নচাপ শক্তি বাড়িয়ে প্রবল ঘূর্ণিঝড় **রেমালের** রূপ নিতে চলেছে। এর প্রভাবে আগামীকাল অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি হয়েছে কলকাতা সহ ৬-টি জেলায়।

৪) রানিগঞ্জের কুনুস্তোরিয়ার কোলিয়ারি এলাকায় কুয়ো কাটতে নেমে বিষাক্ত গ্যাসে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে কাজী নজরুল ইসলামের ১২৫-তম জন্ম জয়ন্তী।

ooooooooooooooooooooooo

কোথাও বিজেপি প্রার্থীকে লক্ষ্য করে ইট বৃষ্টি, কোথাও লাঠি বাঁশ হাতে পথ আটকানো বা গো ব্যাক শ্লোগান দেওয়ার মতো বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া রাজ্যে ষষ্ঠ দফার ভোট পর্ব ছিল মোটের ওপর শান্তিপূর্ণ। ৮-টি আসনে ভোট পড়েছে গড়ে ৭৮ শতাংশের বেশি। সবচেয়ে বেশি ৮১ দশমিক চার সাত শতাংশ ভোট পড়েছে বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রে। তমলুকে – ৭৯ দশমিক সাত নয়, ঝাড়গ্রামে ৭৯ দশমিক ছয় আট, ঘাটালে প্রায় ৭৯, মেদিনীপুরে ৭৭ দশমিক পাঁচ সাত, বাঁকুড়ায় ৭৬ দশমিক সাত নয়. কাঁথিতে ৭৫ দশমিক ছয় ছয় এবং পুরুলিয়ায় ৭৪ শতাংশের বেশি ভোট পড়ার খবর পাওয়া গেছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, বিকেল পাঁচটা পর্যন্ত আটটি আসনে ভোট পড়েছে ৭৭ দশমিক নয় নয় শতাংশ। ২০১৯-এ এই হার ছিল ৮৪ দশমিক তিন ছয় শতাংশ।

বিভিন্ন ঘটনায় ৩১৮ জনকে গ্রেফতার করা হয়।

তমলুকের তৃণমূল কংগ্রেস প্রার্থী দেবাংশু ভট্টাচার্য বুথের ভেতরের ওয়েবকাস্টিং-এর ভিডিও ফুটেজ কিভাবে হাতে পেলেন, তার তদন্ত করা হবে বলে জানিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

উল্লেখ্য, নন্দীগ্রামের একটি বুথের ছবি দেখিয়ে ছাপ্পা ভোট চলার যে অভিযোগ করেছিলেন দেবাংশু, তা ঠিক নয় বলে জানিয়ে দেয় মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর।

তমলুক ও কাঁথি লোকসভা কেন্দ্রের আজকের ভোট চিত্র তুলে ধরলেন আমাদের প্রতিনিধি -

(ভয়েসকাস্ট – অভিরূপ)

পশ্চিম মেদিনীপুরে আজ দিনভর একাধিক এলাকা থেকে অশান্তির খবর আসে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

(ভয়েসকাস্ট – সব্যসাচী)

পুরুলিয়ায় আজ ভোট হয়েছে শান্তিতেই। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অনির্বান)

বাঁকুড়া ও বিষ্ণুপুর কেন্দ্রের ভোট পর্ব নিয়ে আমাদের সংবাদদাতা জানালেন,

(ভয়েসকাস্ট – দেবাশিষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রের অধীন পূর্ব বর্ধমানের খন্ডঘোষে, গলসির খানো গ্রামে বিজেপি কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে ভয় দেখানোর অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। ২৯ নম্বর বুথে যাওয়ার রাস্তা আটকে শাসক দলের লোকজন হুমকি দেয় বলে অভিযোগ। নির্বাচন কমিশনে এনিয়ে নালিশ জানিয়েছে বিজেপি। যদিও তৃণমূল কংগ্রেসের দাবি, হারার ভয়ে মিথ্যা অভিযোগ করছে বিজেপি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের ডেবরার চক সাহারানপুরে এক আদিবাসী মহিলার শ্লীলতাহানির অভিযোগ উঠেছে কেন্দ্রীয় বাহিনীর এক জওয়ানের বিরুদ্ধে। অভিযুক্ত জওয়ানকে আটক করে সংশ্লিষ্ট বাহিনীর কমান্ডারের হাতে তুলে দিয়েছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের গলসিতে ভোট দিতে যাওয়ার পথে মৃত্যু হল এক ব্যক্তির।বছর ৪৫ এর কার্তিক ঘড়ুই আজ ভোট দিতে যাবার পথে প্রচণ্ড গরমে

অসুস্থ হয়ে পড়েন। বাড়ির কাছেই পুকুর পাড়ে পড়ে যান তিনি। প্রতিবেশিরা তাকে বাড়িতে নিয়ে এলে সেখানেই তার মৃত্যু হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, আজকের ভোট পর্বে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে। দলের মুখপাত্র রাজ্যসভার সাংসদ শমিক ভট্টাচার্য আজ সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের হয়ে কাজ করছে আরিজ আফতাবের দফতর।

(বাইট – শমিক)

অন্যদিকে, সপ্তম দফার ভোটের প্রচারে হারোয়ার জনসভায় তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেন, ষষ্ঠ দফার নির্বাচনে আজ নন্দীগ্রাম ও খেজুরিতে বিজেপি গুন্ডামি করেছে। তৃণমূল নেত্রীর স্পষ্ট হুঁশিয়ারী, মহিষাদলে দলীয় কর্মী খুনের বদলা রাজনৈতিকভাবে নেওয়া হবে।

(বাইট – মমতা)

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমের অভিযোগ, ভোটে কেন্দ্রের এবং রাজ্যের শাসক দল যার যেখানে ক্ষমতা বেশি, সে সেখানে জোরজুলুম করেছে।

(বাইট – সেলিম)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটের আগের রাতে পূর্ব মেদিনীপুরের তমলুক লোকসভা কেন্দ্রের অধীন মহিষাদলে তৃণমূল কংগ্রেস কর্মী শেখ মইবুলের খুনের ঘটনায় এখনও পর্যন্ত পাঁচ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এই ঘটনায় বিজেপির দিকে শাসকদল অভিযোগের আঙুল তুললেও মহিষাদলের বিজেপি নেতা তপন বন্দ্যোপাধ্যায়

জানিয়েছেন, দলের কেউ এর সঙ্গে জড়িত নন। পুলিশ যাদের গ্রেফতার করেছে, তাঁদের সঙ্গেও দলের কোনও সম্পর্ক নেই।

জানা গেছে, গতসন্ধ্যায় বাইকে চেপে বাড়ি ফেরার সময় রজনীগঞ্জ বাজার এলাকায় মইবুলের পথ আটকান কয়েকজন। শুরু হয় বচসা। মইবুলকে বাইক থেকে নামিয়ে বেধড়ক মারধর এবং মাথায় ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয়। রাস্তার পাশে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকা মইবুলকে উদ্ধার করে প্রথমে মহিষাদল ব্লক স্বাস্থ্যকেন্দ্রে, তারপর তাম্রলিপ্ত মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন।

oooooooooooooooooooooo

পূর্ব-মধ্য বঙ্গোপোসাগরের ওপর সৃষ্ট অতি গভীর নিম্নচাপ শক্তি বাড়িয়ে প্রবল ঘূর্ণিঝড় রেমালের রূপ নিতে চলেছে। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন, আজ বেলা সাড়ে ১১-টা নাগাদ নিম্নচাপটি সাগরদ্বীপ থেকে প্রায় ৪২০ এবং ক্যানিং থেকে ৪৬০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ পূর্বে অবস্থান করছিল। আগামীকাল মধ্যরাতের আশেপাশে সাগরদ্বীপ ও খেপুপাড়ার মাঝামাঝি পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উপকূল অতিক্রম করবে রেমাল। ঝড়ের গতি ঘণ্টায় ১১০ থেকে ১২০ এবং সর্বোচ্চ ১৩৫ কিলোমিটার হতে পারে। সেই সঙ্গে এক মিটার পর্যন্ত জলোচ্ছ্বাসের সতর্কতাও জারি করা হয়েছে।

এর প্রভাবে আগামীকাল ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, কলকাতা, হাওড়া ও হুগলী জেলার জন্য।

(বাইট – সোমনাথ দত্ত)

পশ্চিম মেদিনীপুর, নদীয়া ও পূর্ব বর্ধমানে থাকছে কমলা সতর্কতা।

২৭ তারিখ লাল সতর্কতা জারি হয়েছে নদীয়া ও মুর্শিদাবাদ জেলার জন্য। ওই দিন কমলা সতর্কতা থাকবে বীরভূম, পূর্ব বর্ধমান, হুগলী, হাওড়া, দুই ২৪ পরগনা ও কলকাতায়।

২৮ তারিখ মঙ্গলবার ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা থাকবে কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায়। দার্জিলিং, কালিম্পং ও দুই দিনাজপুরে জারি থাকছে কমলা সতর্কতা।

মৎস্যজীবীদের সোমবার পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

ঘূর্ণিঝড় রেমাল ধেয়ে আসার আগেই সুন্দরবন এলাকার বাসিন্দাদের সতর্ক করতে মাইকে প্রচার শুরু করেছে হিঙ্গলগঞ্জ থানার পুলিশ। অতিপ্রবল এই ঘূর্ণিঝড়ের অভিঘাত নিয়ে আতঙ্কিত প্রত্যন্ত অঞ্চলের মানুষ।

এই ঝড় মোকাবিলার প্রস্তুতি নিয়ে আজ কাকদ্বীপ মহকুমার প্রশাসনিক ভবনে বৈঠক হয়। উপস্থিত ছিলেন জেলাশাসক সুমিত গুপ্ত এবং  সুন্দরবনের পুলিশ সুপার কোটেশ্বর রাও। আগামীকাল ও সোমবার সুন্দরবনের সমস্ত ফেরি পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন।

ঘোড়ামারা, মৌসুনি ও জি-প্লটে আজ থেকেই শুকনো খাবার ও পানীয় জল পাঠানো শুরু হয়েছে। মজুত রাখা হচ্ছে শিশুদের গুড়ো দুধ। প্রতিটি ব্লক হাসপাতালে খোলা হয়েছে কন্ট্রোল রুম। বিপর্যয় মোকাবিলার সঙ্গে যুক্ত কর্মী ও আধিকারিকদের ছুটি বাতিল করা হয়েছে। প্রস্তুত রাখা হচ্ছে ফ্লাড শেল্টার এবং বিভিন্ন স্কুল।

oooooooooooooooooooooo

ঘূর্ণিঝড় রেমাল এর সতর্কতা হিসাবে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামীকাল ও আগামী সোমবার মোট ৪৮ টি EMU লোকাল বাতিল করেছে। এছাড়া আগামী সোমবার ৫ টি EMU লোকাল এর সময় সূচি পরিবর্তন করা হচ্ছে। উদ্ভূত পরিস্থিতিতে আরোও কিছু ট্রেনের সময় সুচির পরিবর্তন হতেপারে বলে পূর্ব রেল সূত্রের খবর।

oooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের রানীগঞ্জের তিন নম্বর কুনুস্তোরিয়া কোলিয়ারী এলাকায় কুয়ো কাটতে নেমে বিষাক্ত গ্যাসে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। বছর ২৫ এর রতন কোড়া ও গোপী কোড়া স্থানীয় কোড়া পাড়ার বাসিন্দা।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, এলাকায় একটি নির্মীয় মান ওয়ার্কশপে কয়েকদিন ধরে কুয়ো তৈরির কাজ চলছিল।অন্যান্য দিনের মতো আজ সকালে এঁদের একজন কুয়োর গর্তে নেমে সংজ্ঞাহীন হয়ে পড়লে, অপরজন তাকে উদ্ধার করতে নীচে নামলে তিনিও জ্ঞান হারান। ঘটনাস্থলে আসে রানীগঞ্জ থানার পুলিশ, ইসিএল এর উদ্ধারকারীদল এবং দমকলবাহিনী। তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষনা করেন।

ooooooooooooooooooooo

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫- তম জন্মদিন নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে উদযাপিত হচ্ছে। নির্বাচনী বিধি জারি থাকায় এবার রাজ্য সরকারের নজরুল পুরস্কার প্রদান অনুষ্ঠান বন্ধ রয়েছে। সন্ধ্যায় নজরুল তীর্থে এক অনুষ্ঠানে কবিকে শ্রদ্ধা জানানো হয়।

দিনটি সাড়ম্বরে পালিত হচ্ছে কবির জন্মভিটা পশ্চিম বর্ধমানের জামুরিয়ার চুরুলিয়ায়।

ooooooooooooooooooooooo